

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
মজুরী বোর্ড শাখা
www.mole.gov.bd

নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩০.০০৮.১৭.৭৭

তারিখ: ২০ আষাঢ় ১৪২৬
০৪ জুলাই ২০১৯


প্রজ্ঞাপন

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন)-এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে ১৭ এপ্রিল ২০১৯ তারিখ হইতে পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য শতভাগ রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পকে উক্ত আইনের ধারা ১০০, ১০২ এবং ১০৫ এর প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তে অব্যাহতি প্রদান করিল:

শর্তাবলীঃ

- ১। অতিরিক্ত সময় কাজের জন্য প্রচলিত বিধান মোতাবেক স্বাভাবিক হারের দ্বিগুন হারে ভাতা প্রদান করিতে হইবে;
- ২। কোন শ্রমিক দ্বারা তাহার সম্মতি ব্যতিরেকে কোন কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘণ্টার অধিক সময় কাজ করানো যাইবে না;
- ৩। প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১ (এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;
- ৪। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত-২০১৮) ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



৪-৭-২০১৯

মোঃ হানিফ সিকদার
উপসচিব
ফোন: ৯৫৭৫৬০০

নম্বর:

৪০.০০.০০০০.০১৬.৩০.০০৮.১৭.৭৭/১(৩)

তারিখ: ২০ আষাঢ় ১৪২৬
০৪ জুলাই ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ২) সভাপতি, বিজিএমইএ কমপ্লেক্স, ২৩/১ পান্থপথ লিংক রোড, কাওরান বাজার, ঢাকা-১২১৬।
- ৩) উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
[বাংলাদেশ গেজেটে প্রকাশসহ প্রকাশিত গেজেটের ১৫ (পনের) কপি সরাসরি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল]।